বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়: ২০২২-২০২৩ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (১ম কোয়ার্টার, জুলাই-সেপ্টেম্বর/২০২২) সভার কার্যবিবরণী।**

সভাপতি: সেখ মোহাম্মদ মহসিন
প্রধান প্রকৌশলী
এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

সভার স্থান: সেমিনার কক্ষ, (লেভেল-৪), এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
সভার তারিখ ও সময়: ২৬-০৯-২০২২খ্রিঃ বেলা ১১.০০ ঘটিকা।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করা হয়। সভার আলোচ্যসূচী নিম্নরুপঃ

১। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) প্রতিবেদন পর্যালোচনা।
২। বিবিধ।

আলোচ্যসূচী অনুযায়ী বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা.............................................................** | | | | |
| ১.১ | নৈতিকতা কমিটির সভা | সভায় জানানো হয়, এলজিইডি'র শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক ত্রৈমাসিক (সভা আহবান করা হয়েছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা কমিটির সভা আহবান করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (মানব সম্পদ, পরিবেশ ও জেন্ডার) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| ১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভার গৃহীত সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলাচনা করা হয়। | প্রতি ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির সভার গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের হার পর্যালোচনা করতে হবে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (মানব সম্পদ, পরিবেশ ও জেন্ডার) |
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের(Stakeholder) অংশগ্রহণে সভা | সভায় জানানো হয়, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম ত্রৈমাসিকে রাজশাহী এবং রংপুর বিভাগের আওতাধীন তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঞ্চল), জেলার নির্বাহী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলী, সম্মনিত ঠিকাদার, সাংবাদিক, জনপ্রতিনিধি এবং এলজিইডি'র কর্মকান্ডের সাথে সম্পৃক্ত অন্যান্য অংশীজনের নিয়ে আগামী ২৯-০৯-২০২২খ্রি: দুপুর ২.৩০ ঘটিকায় জুম প্লাটফর্মে (ভার্চুয়ালি) সভা আহবান করা হয়েছে। পরবর্তীতে সভাপতি, প্রতি ত্রৈমাসিকে অংশীজনের অংশগ্রহণে সভা আহবানের কথা উল্লেখ করেন। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রায় প্রতি ত্রৈমাসিকে অংশীজনের অংশগ্রহণে সভা আহবান করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (মানব সম্পদ, পরিবেশ ও জেন্ডার) |
| ১.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | সভায় জানানো হয়, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম ত্রৈমাসিকে মোট ১০০ জন কর্মকর্তাকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (মানব সম্পদ) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| ১.৫ | কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি | সভায় অবহিত করা হয়, Covid-১৯ পরিস্থিতি বিবেচনায় যথাযথ স্বাস্থ্যবিধি অণুসরনপূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা, পুরাতন মালামাল ও নথি বিনষ্টকরন এবং অফিস প্রাঙ্গন পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করা হয়েছে। পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির জন্য পরিচ্ছন্নতা মনিটরিং টিম কর্তৃক নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিত পরিচ্ছন্নতা বৃদ্ধির অভিযান পরিচালনা করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (প্রশাসন) |
| ১.৬ | আওতাধীন আঞ্চলিক/ মাঠপর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ২৭/১০/২০২২ তারিখে মধ্যে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ হতে প্রেরীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের নিমিত্ত সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | আগামী ২৭/০১০/২০২ ইং তারিখের মধ্যে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ কর্তৃক দাখিলকৃত ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভা করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (মানব সম্পদ, পরিবেশ ও জেন্ডার) |
| **আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন.........................................................................** | | | | |
| ২.১ | ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন) জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রকল্প পরিচালকদের নিকট হতে সংগ্রহ করা হয়েছে। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩১/০৭/২০২২ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | সংশোধিত ক্রয় পরিকল্পনা (যদি থাকে) ওয়েবসাইটে যথা সময়ে প্রকাশ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (মনিটরিং ও মূল্যায়ন) |
| ২.২ | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন) জানান যে, ১ম ত্রৈমাসিকে বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের হার ১৫%। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২২-২৩ অর্থ বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের হার মনিটরিং করতে হবে এবং সে আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |



Rumi

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| ২.৩ | বাজেট বাস্তবায়ন | সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন) জানান যে, ১ম ত্রৈমাসিকে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর ভৌত অগ্রগতি ১৮.৪৪% এবং আর্থিক অগ্রগতি ১১.৬৬% বাস্তবায়ন হয়েছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়নের হার মনিটরিং করতে হবে এবং সে আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (মনিটরিং ও মূল্যায়ন) |
| ২.৪ | প্রকল্পের PIC সভা আয়োজন | সভায় নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা) জানান যে, ১ম ত্রৈমাসিকে নির্ধারিত লক্ষ্যমাত্রা ২০টির বিপরীতে ১৪টি PIC সভা আয়োজন করা হয়েছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে PIC সভা আয়োজন করতে হবে। ১ম ত্রৈমাসিকে অবশিষ্ট ৬টি সহ ২য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) |
| ২.৫ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করা | সভায় জানানো হয়, ২০২১-২২ অর্থ বছরে যে সকল প্রকল্প সমাপ্ত হবে তার সম্পদের (কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) তথ্য সংগ্রহ করা হয়েছে। বিধি মোতাবেক হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং এ সংক্রান্ত তথ্যাদি স্থানীয় সরকার বিভাগে গত ২৪/০৮/২০২২খ্রি: প্রেরণ করা হয়েছে।<br><br>পরবর্তীতে সভাপতি, ২০২২-২৩ অর্থ বছরে যে সকল প্রকল্প সমাপ্ত হবে তার সম্পদের (কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) তথ্য সংগ্রহ করার কথা উল্লেখ করেন। | ২০২২-২৩ অর্থ বছরে যে সকল প্রকল্প সমাপ্ত হবে তার সম্পদের (কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) তথ্য সংগ্রহ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| **শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম……………………………………………………** | | | | |
| ৩.১ | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | এলজিইডি'তে বর্তমানে চলমান প্রকল্পের যানবাহন সমূহের ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রী পরিষদ বিভাগের এ সংক্রান্ত নির্দেশনাসমূহ বিস্তারিত আলোচনা হয়। | এলজিইডি'তে বর্তমানে চলমান প্রকল্পের যানবাহন সমূহের ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রী পরিষদ বিভাগের এ সংক্রান্ত নির্দেশনাসমূহ যথাযথ বাস্তবায়ন করতে হবে। সুষ্ঠ, পরিকল্পিত ও ব্যয় সাশ্রয়ের সর্বশেষ নীতিমালা অনুযায়ী রাজস্ব ও প্রকল্পের গাড়ী ব্যবহারকারী কর্মকর্তাগণ যথাযথ ব্যবহার নিশ্চিত করবেন। এলক্ষ্যে যান্ত্রিক শাখা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.২ | সম্পাদিত পূর্ত এবং রক্ষণাবেক্ষণ কাজের কর্মোত্তর মূল্যায়ন | সভায় জানানো হয় যে সকল পূর্ত ও রক্ষণাবেক্ষণ কাজ সমাপ্ত হয়েছে তা পরিদর্শনপূর্বক কর্মোত্তর মূল্যায়ন করা করা হবে। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় ত্রৈমাসিকে ৩০০টি কাজের কর্মোত্তর মূল্যায়ন করতে হবে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী সমাপ্তকৃত কাজের কর্মোত্তর মূল্যায়ন করতে হবে। মূল্যায়ন প্রতিবেদন হতে পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (মনিটরিং ও মূল্যায়ন) |
| ৩.৩ | সম্পাদিত পূর্ত কাজের চূড়ান্ত বিলের সাথে স্থির চিত্র সংযোজন | সভায় জানানো হয়, এলজিইডি'র আওতায় সম্পাদিত সকল পূর্ত কাজের চূড়ান্ত বিলের সাথে স্থিরচিত্র সংযোজন করা হয়। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদিত সকল পূর্ত কাজের চূড়ান্ত বিলের সাথে স্থিরচিত্র সংযোজন বিষয়টি মনিটরিং করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (মনিটরিং ও মূল্যায়ন) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| ৩.৪ | ০৩(তিন) কোটি টাকার উর্ধ্বে কাজ সমূহের চুড়ান্ত বিল প্রদানের পূর্বে অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক প্রত্যয়ন প্রদান | সভায় জানানো হয়, ০৫(পাঁচ) কোটি টাকার উর্ধ্বে কাজসমূহের চুড়ান্ত বিল প্রদানের পূর্বে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বিভাগ) কর্তৃক প্রত্যয়ন প্রদান করা হয় এবং ০৩(তিন) থেকে ০৫ (পাঁচ) কোটি টাকার পর্যন্ত কাজসমূহের চুড়ান্ত বিল প্রদানের পূর্বে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঞ্চল) কর্তৃক প্রত্যয়ন প্রদান করা হয়। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৩(তিন) কোটি টাকার উর্ধ্বে কাজ সমূহের চুড়ান্ত বিল প্রদানের পূর্বে প্রত্যয়ন প্রদান বিষয়টি মনিটরিং করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বিভাগ)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঞ্চল) |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

02.10.2022

**(সেখ মোহাম্মদ মহসিন)**
প্রধান প্রকৌশলী
ও
সভাপতি, নৈতিকতা কমিটি

**প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মানব সম্পদ উন্নয়ন, মান নিয়ন্ত্রণ ও পরিবেশ), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন এবং শৃঙ্খলা ও তদন্ত), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।
৪. প্রকল্প পরিচালক (আরইআরএমপি-৩), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।